

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ বিভিন্ন অপরাধে ১০টি প্রতিষ্ঠানকে ৮০.০০ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় ও জেলা কার্যালয়ের মোট ৫ জন কর্মকর্তার নেতৃত্বে গত ৩ জুন ২০১৬ তারিখে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজোর্ড নেতৃত্বে ঢাকা মহানগরীর শাস্তিনগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কিংস বেকারী ও ফয়জুল স্টোরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৭,০০০/- (সাত হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হক ব্রেড এন্ড ফুট প্লাজাকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুনির জেনারেল স্টোর ও মুসলিম সুইটসকে যথাক্রমে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৮,০০০/- (আটার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরী অপরাধে মজুমদার হোটেলকে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আলম মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর উপায়ে খাদ্য পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে পিকাডেলী রেস্টুরেন্টকে ২৫,০০০/- (পাঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে আঙ্কাসের সবজীর দোকানকে ৫০০/- (পাঁচশত) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স বরিশাল জেনারেল স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে প্রিন্ট বাজারকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২০,৫০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৫টি বাজার তদারকিতে ১০টি প্রতিষ্ঠানকে মোট ৮০,৫০০/- (আশি হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট আর্মড পুলিশ ব্যাটালিয়ান, ঢাকা মহানগর পুলিশ ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।